দূরাভাষ ঃ (০৩২২৮) ২৬৬০৪৮,২৬৬১৭০,২৬৬৯৮৩
ফ্যাক্স ঃ ০৩২২৮-২৬৭৫৭০

website : www.tamlukghatalccb.com
email : tamlukghatalccb@yahoo.co.in

# তমলুক-ঘাটাল সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড

রেজিস্ট্রেশন নং - ২৫ ঃঃ তারিখ ২৬-০১-১৯৬৫
পোষ্ট - তমলুক ঃঃ ৭২১৬৩৬ ঃঃ পূর্ব মেদিনীপুর ঃঃ পশ্চিমবঙ্গ
**প্রধান কার্য্যালয় - তমলুক**

**মেমো নং - জি/৩০০৭/৯৫১** **তারিখ : ০৬/০২/২০২৪**

## বিজ্ঞপ্তি

তমলুক-ঘাটাল সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড্ এর পরিচালকমন্ডলীর ০৫-০২-২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুসারে উক্ত কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কের বার্ষিক সাধারণ সভা আগামী ইং ০৩-০৩-২০২৪ (রবিবার) তারিখে দুপুর ১-০০ টায় সুবর্ণ জয়ন্তী ভবন, তাম্রলিপ্ত পৌরসভা, শালগেছিয়া, তমলুক, পূর্বমেদিনীপুর সভাকক্ষে অনুষ্ঠিত হইবে।

এতদ্বারা উক্ত কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কের 'এ' ও 'বি' শ্রেণীভুক্ত সদস্যগণের প্রতিনিধিগণকে উক্ত তারিখ ও সময়ে নির্দিষ্ট স্থানে ব্যাঙ্কের ৫৩তম বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণের অনুরোধ করা হইতেছে। নিবন্ধীকরণ দুপুর ১১-০০টায় শুরু হইবে। নিবন্ধীকরণের সময় প্রত্যেক ডেলিগেট বা প্রতিনিধিকে সচিত্র পরিচয়পত্র দেখাইতে হইবে।

নির্দিষ্ট সময়ের মধ্যে গণপূর্তি (কোরাম) না হইলে বার্ষিক সাধারণ সভা মুলতবী হইবে এবং মুলতুবী সভা আগামী ইং ১০-০৩-২০২৪ (রবিবার) পূর্বোক্ত স্থানে ও সময়ে গণপূর্তি ব্যতিরেকেই অনুষ্ঠিত হইবে।

তমলুক
**তারিখ : ০৬/০২/২০২৪**

**স্বাঃ শংকর ঘোষ**
**সম্পাদক**
**তমলুক-ঘাটাল সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড্**

TAMLUK GHATAL CENTRAL CO-OPERATIVE BANK LTD. HEAD OFFICE TAMLUK Regd. No. 25 Dtd. 26.01.1965

# আলোচ্য সূচী

১) পরিচালকমন্ডলীর সদস্য নির্বাচন যদি থাকে (বিগত ১৫-১০-২০২৩ তারিখে ব্যাঙ্কের নতুন পরিচালকমন্ডলী ইতিমধ্যেই গঠিত হয়েছে)।

২) গত ইং ০৪-০৯-২০২২ এবং ১৫-১০-২০২৩ তারিখে অনুষ্ঠিত বার্ষিক সাধারণ সভার ও বিশেষ সাধারণ সভার যথাক্রমে কার্য্যবিবরণী পঠন ও অনুমোদন।

৩) গত ইং ২০২২-২৩ সালের পরিচালকমন্ডলীর প্রতিবেদন বিবেচনা ও অনুমোদন।

৪) গত ইং ২০২২-২৩ সালের নিরীক্ষিত হিসাবপত্র ও হিসাব নিরীক্ষার রিপোর্ট ও সংশোধন বিবেচনা।

৫) গত ইং ২০২২-২৩ সালের সংশোধনী আয় ব্যায়ের বাজেট অনুমোদন ও ২০২৪-২৫সালের আয়-ব্যয়ের বাজেট (Budget) বরাদ্দ ও ভবিষ্যৎ কর্মসূচী অনুমোদন।

৬) পশ্চিমবঙ্গ সমবায় আইন ও নিয়মাবলী অনুসারে সম্পাদিত পরিদর্শন বা তদন্ত রিপোর্ট বিবেচনা।

৭) পরিচালকমন্ডলীর সদস্যবর্গের ও তাহাদের আত্মীয়বর্গকে ঋণ দেওয়া থাকিলে তাহার হিসাব ও সেই ঋণ খেলাপী করিলে সেই সম্পর্কে বিবেচনা।

৮) পরিচালকমন্ডলীর সদস্যবর্গের কোনো আত্মীয় সমবায় আয়োগ কর্তৃক ব্যতীত অন্যভাবে ব্যাঙ্ক চাকুরী পাইলে তাহা অনুমোদন করা।

৯) বিশেষ সঞ্চয় ও অন্যান্য তহবিল সৃষ্টি এবং সঞ্চয় অন্যান্য তহবিল বিস্তার (Deployment) পর্য্যালোচনা।

১০) নীট লাভ বন্টন সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ (যদি কিছু পাওয়া যায়)।

১১) ব্যবসায়িক ঘাটতি অথবা ক্ষতি পর্যালোচনা করে তা পূরণের পরিকল্পনা পর্যালোচনা (যদি কিছু থাকে)।

১২) উন্নয়নের দীর্ঘমেয়াদী পরিপ্রেক্ষিত পরিকল্পনা এবং বার্ষিক বাস্তবায়ন পরিকল্পনা অনুমোদন।

১৩) ইং ২০২৪-২০২৫ সালের কর্জ গ্রহণের সীমা নির্ধারণ করা।

১৪) বার্ষিক সাধারণ সভা কর্তৃক রচিত পর্ষদ সদস্যের আচরণবিধি অনুমোদন।

১৫) ব্যাঙ্কের উপবিধি সংশোধন (যদি কিছু থাকে)।

১৬) সদস্যদের বহিষ্কার অনুমোদন (যদি কিছু থাকে)।

১৭) ব্যাঙ্কের উপবিধিতে উল্লিলিখিত কোন বিষয় বিবেচনা।

১৮) পশ্চিমবঙ্গ সমবায় সমিতি সমূহের আইন ২০০৬ ও নিয়মাবলী ২০১১ অনুযায়ী এবং ব্যাঙ্কের উপবিধি অনুযায়ী কোন বিষয় সভায় উত্থাপিত হইলে আলোচনা।

তমলুক
**তারিখ : ০৬/০২/২০২৪**

**স্বাঃ শংকর ঘোষ**
**সম্পাদক**
**তমলুক-ঘাটাল সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড্**

**বিশেষ দ্রষ্টব্য**

১) প্রতিনিধি সদস্যগণ আলোচ্যসুচী নং ১৮তে যে কোন বিষয় (১ নং থেকে ১৭ নং আলোচ্যসূচী ব্যতীত) অন্তর্ভূক্ত করতে ইচ্ছুক হলে আগামী ০১-০৩-২০২৪ তারিখ বিকাল ২-০০টার মধ্যে ব্যাঙ্কের যে কোন শাখার মাধ্যমে বা সরাসরি ব্যাঙ্কের প্রধান কার্য্যালয়ে লিখিতভাবে তাঁদের প্রস্তাব জমা দিতে পারেন। প্রস্তাবগুলি যদি পরিচালকমন্ডলী কর্তৃক অনুমোদিত হয় তবে ১৮ নং আলোচ্যসূচীতে অন্তর্ভূক্ত হবে।

২) পরিচালকমন্ডলীর প্রতিবেদন, পরীক্ষিত হিসাবদি এবং সংশোধন, লভ্যাংশ বন্টনের প্রস্তাব, আয়-ব্যয় বরাদ্দের প্রস্তাব সংশ্লিষ্ট শাখা হইতে পাঠাইয়া দেওয়া হইবে।

TAMLUK GHATAL CENTRAL CO-OPERATIVE BANK HEAD OFFICE TAMLUK Regd No. 25 Dtd.26.01.1965